

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে অগ্নি নির্বাপন ও প্রাথমিক  
চিকিৎসা বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘সকলের জন্য নিরাপদ এবং সুরক্ষিত কাজের পরিবেশ নিশ্চিতকরণ’ প্রতিপাদ্যকে সামনে রেখে অগ্নি নির্বাপন ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। বৃহস্পতিবার (৫ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে এ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোয় কয়েক হাজার শিক্ষার্থী অবস্থান করে। একাডেমিক ও প্রশাসনিক ভবনগুলোয় প্রতিদিন হাজারো শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর বিচরণ। তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসে অগ্নি নিরাপত্তা ও স্বাস্থ্য সেবার মান উন্নয়নের বিষয়টিকে গুরুত্বের সঙ্গে দেখছে। ইতোমধ্যে প্রত্যেক হলে ফার্স্ট এইড বক্স, নেবুলাইজার এবং জরুরি কিছু ওষুধ সরবরাহ করা হয়েছে। একাডেমিক ও প্রশাসনিক ভবনগুলোকেও এ ধরনের সেবার আওতায় আনা হচ্ছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের সেবার মান উন্নয়নে অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয়সহ বেশকিছু উন্নয়ন পরিকল্পনা নেয়া হচ্ছে।

তিনি আরো বলেন, অগ্নি নিরাপত্তা ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি এবং প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে আজকের এ কর্মসূচির আয়োজন করা হয়েছে। আশা করছি, অংশগ্রহণকারীরা অগ্নি দুর্ঘটনাকালে পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং নিজেদের নিরাপদ রেখে সহপাঠী ও সহকর্মীদের নিরাপত্তা নিশ্চিত ভূমিকা রাখার বিষয়ে মৌলিক ধারণা ও প্রশিক্ষণ পাবে।

বিশ্ববিদ্যালয়ের চীফ মেডিকেল অফিসার (প্রশাসনিক) ড. মোহাম্মদ মফিজুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন। নোবিপ্রবি ব্লাড ব্রিগেডের সভাপতি রাকিব রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে মেডিকেল সেন্টারের চিকিৎসক ও কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

নোবিপ্রবি মেডিকেল সেন্টার আয়োজিত দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচিতে বিভিন্ন বিভাগের ৫০জন শিক্ষার্থী ও আবাসিক হলে কর্মরত ২০জন কর্মচারী অংশ নিচ্ছে। কর্মসূচি আয়োজনে সহযোগিতা করে নোবিপ্রবি ব্লাড ব্রিগেড। প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তায় রয়েছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নোয়াখালী এবং স্বেচ্ছাসেবী সংগঠন সন্ধানীর নোয়াখালী মেডিকেল কলেজ ইউনিট।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪